

77

দৈনিক ইত্তেফাক

তারিখ ... 19 FEB 1996

পৃষ্ঠা ৩ কলাম ৪

তিনটি উচ্চ বিদ্যালয়ে বিভিন্ন সমস্যা

রামগড় ও বাগেরহাটের ২টি উচ্চ বিদ্যালয়ে বিভিন্ন সমস্যা দেখা দিচ্ছে। ছাত্র-ছাত্রীদের লেখাপড়া ব্যাহত হইতেছে। সংশ্লিষ্ট কর্তৃপক্ষ এ ব্যাপারে উদাসীন। খবর নিজস্ব সংবাদদাতাদের।

রামগড় : পার্বত্য খাগড়াছড়ি জেলার সর্বপ্রথম স্থাপিত রামগড় সরকারী উচ্চ বিদ্যালয়টিতে বিগত ১৯৬৮ সালে জাতীয়করণের পর

হইতে অদ্যাবধি উন্নয়নের ছোঁয়া লাগে নাই। মূল বিদ্যালয় ভবনটিতে ছোট ছোট শ্রেণীকক্ষ হওয়াতে প্রতি বছর ছাত্র বৃদ্ধির কারণে স্থান সঙ্কলান হয় না। (৫ষ্ঠ পৃঃ ৫ঃ)

তিনটি উচ্চ বিদ্যালয়ে

(৩য় পৃঃ পর)

বিদ্যালয়ের প্রশাসনিক ভবন, প্রধান শিক্ষকসহ অন্যান্য শিক্ষক ও কর্মচারীদের বাসভবন নাই। ছাত্র অনুপাতে প্রয়োজনীয় একাডেমিক ভবন নাই। বিদ্যালয়ের একাডেমিক ভবনেই প্রধান শিক্ষকের প্রশাসনিক দপ্তরের কাজ চলিতেছে। নামসর্বস্ব বিজ্ঞান কক্ষ; শিক্ষক মিলনায়তনসহ অন্যান্য সকল কিছুই বিদ্যালয়ের ছোট ছোট কক্ষে কোনরকমে চলিতেছে।

বিদ্যালয়ের ছাত্রাবাস, শিক্ষক ডরমেন্টরি বিজ্ঞান ভবন এবং ছাত্র মিলনায়তন নাই। বিদ্যালয়ের পায়খানা, প্রস্থাবথানা, পুকুর পুনঃখনন এবং এ্যাপ্রোচ রোডটি সংস্কার করা প্রয়োজন।

বিদ্যালয়ে সরকারীভাবে ২৪টি শিক্ষকের পদের মধ্যে ৫টি শিক্ষক পদ শূন্য। ইহা ছাড়া পালি ও সংস্কৃতি এবং শরীরচর্চা শিক্ষক নিয়োগ করা প্রয়োজন।

দুই বছর পূর্বে ফ্যাসিলিটিজ বিভাগ কর্তৃক একটি পাকা ভবন নির্মাণ করা হইয়াছে। ঐ ভবনের বিভিন্ন স্থানে ফাটলের সৃষ্টি হইয়াছে। দেওয়াল ও ছাদে ফাটলের ফলে বর্ষা মৌসুমে এই ভবনে ছাত্ররা ক্লাস করিতে পারে না।

বাগেরহাট : মোরেলগঞ্জ থানার সুতালডী বহরবুনিয়া বেসরকারী হাই স্কুলটির প্রয়োজনীয় শ্রেণী কক্ষের অভাব এবং পুরাতন ঘরের বেহাল অবস্থা। টিন ও গোলপাতার ঘর দুইখানা সংস্কারের অভাবে জরাজীর্ণ হইয়া পড়ায় ক্লাস চালান দুক্ল হইয়া পড়িয়াছে। শ্রেণীকক্ষ, বিজ্ঞান ভবন ও বিজ্ঞান শিক্ষার প্রয়োজনীয় উপকরণের অভাব। অর্থাভাবে গৃহ মেরামত ব্যবস্থা সম্ভব হইতেছে না। বিদ্যালয়ে ছাত্র-ছাত্রীদের প্রয়োজনীয় বেক-টেবিল এবং আসবাবপত্রের অভাব রহিয়াছে। মাঠ সংস্কারের অভাবে খেলাধুলায় বিঘ্ন হইতেছে। বিদ্যালয়মুখী প্রধান সংযোগ সড়কে কাঠের পুলটি তাসিয়া পড়ায় ছাত্র-ছাত্রী ও পথচারীদের যাতায়াতে ঝুঁকি নিতে হইতেছে। প্রয়োজনীয় অর্থাভাবে বিদ্যালয়ের উন্নয়ন বা সমস্যা সমাধানের ব্যবস্থা নেওয়া সম্ভব হইতেছে না।

সদর থানার কাপরপুরা উচ্চ বিদ্যালয়ের ছাত্র-ছাত্রী সংখ্যানু-

পাতে শ্রেণীকক্ষ ও আসবাবপত্র না থাকায় লেখাপড়া বিঘ্নিত হইতেছে। একমাত্র টিনের গৃহ অর্থাভাবে সম্প্রসারণ সম্ভব হইতেছে না। বিজ্ঞান ভবনটি সংরক্ষণের অভাবে ব্যাবহার অনুপযোগী হইয়াছে। বিজ্ঞান শিক্ষার যন্ত্রপাতির সংকট রহিয়াছে। ছাত্র-ছাত্রীদের পৃথক কমনরুম এবং চিত্রবিনোদনের সুব্যবস্থা নাই।